দৈনিক ইত্তেফাক
তারিখ 01 JUN 1990
পৃষ্ঠা 7 কলাম 6

## মাদ্রাসা শিক্ষাবোর্ডের পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯০ সনের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা গতকাল (বৃহস্পতিবার) শুরু হয়। ১,৩৫৩ জন

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

### পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

ছাত্রীসহ সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ৪৯,৭১৩ জন। তন্মধ্যে আলিম শ্রেণীতে বিজ্ঞান বিভাগের ৮৮৭ জনসহ মোট ২৫,৪৪৯, ফাজিল শ্রেণীতে ১৫,১৮৮ এবং কামিল শ্রেণীতে ৯,০৭৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে।

সিলেট অফিস জানায়, গতকাল সিলেট সরকারী আলীয়া মাদ্রাসা কেন্দ্র হইতে নকল করার অভিযোগে মোট ১৭ জন ছাত্রকে বহিষ্কার করা হয়। বিকালের পরীক্ষা চলাকালে ভিজিল্যান্স টিম ও কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের হাতে তাহারা ধরা পড়ে।

মীর্জাগঞ্জ (পটুয়াখালী) সংবাদদাতা জানান, নকল করার অভিযোগে ৪ জন ছাত্র এবং নকলে সহায়তা করার জন্য ২ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।